

বিমানের ম্যানচেস্টার ফ্লাইট শুরু ২৫ ডিসে:

- A Monitor Desk Report

Date: 22 December, 2021



করোনার (কোভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে প্রায় ২১ মাস বন্ধের পর বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২৫ ডিসেম্বর থেকে আবারো চালু করছে যুক্তরাজ্যের ম্যানচেস্টার রুটের ফ্লাইট।

এর আগে ২০২০ সালের মার্চে করোনার প্রাদুর্ভাবের কারণে এই রুটে আর ফ্লাইট উড়েনি।

বিমান সূত্রে জানা গেছে, প্রথম ফ্লাইটটি ২৫ ডিসেম্বর (শনিবার) হলেও পরের ফ্লাইটগুলো প্রতি সপ্তাহের দুই দিন রোববার ও বৃহস্পতিবার ঢাকা থেকে ম্যানচেস্টারের উদ্দেশ্যে ছেড়ে যাবে। আর ম্যানচেস্টার থেকে সোমবার ও শুক্রবার ঢাকার উদ্দেশ্যে রওনা হবে। ফ্লাইট দুটির মধ্যে সপ্তাহের একটি ফ্লাইট ঢাকা থেকে সরাসরি ম্যানচেস্টার যাবে। ফেরার সময় ম্যানচেস্টার থেকে সিলেটে যাবে। সেখানে যাত্রী নামিয়ে ঢাকায় ফিরবে।

ম্যানচেস্টার ছাড়াও যুক্তরাজ্যের লন্ডন রুটে ফ্লাইট চলছে বিমানের।

এর আগে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ২০২০ সালের মার্চে আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রীবাহী ফ্লাইট চলাচলে নিষেধাজ্ঞা আরোপ করে বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)। এরপর এই নিষেধাজ্ঞা সরকারি সাধারণ ছুটির সঙ্গে সমন্বয় করে পর্যায়ক্রমে ওই বছরের ১৪ এপ্রিল, ৩০ এপ্রিল, ৭ মে, ১৬ মে, ৩০ মে পর্যন্ত বাড়ানো হয়।

গত বছরের ১ জুন থেকে স্বাস্থ্যবিধিসহ বেশ কয়েকটি বিধিনিষেধ দিয়ে অভ্যন্তরীণ রুটে ফ্লাইট চলাচলের অনুমতি দেয় বেবিচক। পরে ধাপে ধাপে আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার অনুমতি দেওয়া হলেও বিমান এই রুটে ফ্লাইট পরিচালনা করেনি।

করোনার প্রাদুর্ভাব কমে যাওয়ার পর থেকে এখন পর্যন্ত বিমানের কুয়ালালামপুর ও সিঙ্গাপুর রুট বাদে সব রুটে ফ্লাইট চলছে।